

## ইউনেস্কো লিটারেসি এওয়ার্ড পেল আহছানিয়া মিশন

### ■ বিশেষ প্রতিবেদন

শিক্ষা ক্ষেত্রে অসামান্য সাফল্যের জন্য ইউনেস্কো লিটারেসি প্রোগ্রাম ২০১৩ জিতেছে বাংলাদেশ। বুধবার প্যারিসের ইউনেস্কো সদর দপ্তর থেকে ইউনেস্কোর ডিরেক্টর জেনারেল ইরিনা বোকবা এ ঘোষণা দেন। বাংলাদেশের পক্ষে এ আন্তর্জাতিক পুরস্কার লাভ করেছে ঢাকার আহছানিয়া মিশন। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালনের অংশ হিসেবে আগামী ৮ ও ৯ সেপ্টেম্বর ইউনেস্কোর সদর দপ্তর, প্যারিসে এ পুরস্কার প্রদান করা হবে। পুরস্কার হিসেবে নগদ, ২০ হাজার ডলার, একটি পদক ও একটি সার্টিফিকেট দেয়া হবে।

ইরিনা বোকবা জানান, ঢাকার আহছানিয়া মিশন বাংলাদেশের বিভিন্ন উন্নয়নমূলক খাতে বিশেষ করে গ্রামীণ বয়স্ক ও নারী শিক্ষা, মানব উন্নয়ন, স্বাস্থ্যসেবা, মানবাধিকার, সামাজিক ন্যায় বিচারের ক্ষেত্রে ব্যাপক সাফল্যের জন্য ইউনেস্কো লিটারেসি প্রোগ্রাম ২০১৩ জিতেছে বাংলাদেশের এই এনজিও।